

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
প্রোগ্রাম্যাটিক সিডিএম প্রকল্প
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭।

স্মারক নং- পঅ/প্রোগঃ সিডিএম/জনবল নিয়োগ (৩য় খন্ড)/৭০/২০১৫/৫২১

তারিখ: ২৪/১১/২০১৫ খ্রিস্টাব্দ।

নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ অধিদপ্তরে বাস্তবায়নায়ী "সমগ্র বাংলাদেশের শহরগুলোর (পৌরসভা/মিউনিসিপ্যালিটির) জৈব আবর্জনার ব্যবহার করে প্রোগ্রাম্যাটিক সিডিএম" প্রকল্পের সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদে জনবল নিয়োগের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	মাসিক বেতন (সর্বসাকুল্যে)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১	মনিটরিং অফিসার	১৮,০০০/- + মহার্য ভাতা	০১ টি	প্রার্থীকে অবশ্যই কৃষি অথবা রসায়ন অথবা পরিবেশ বিজ্ঞানে অথবা ফরেস্ট্রি বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রিধারী অথবা ৪ বৎসরের দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রি অথবা সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রিধারী হতে হবে।	সংশ্লিষ্ট বিষয়ে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

নিয়োগের নিয়ম ও শর্তাবলী:

- ১। বিস্তারিত জীবন বৃত্তান্তসহ আবেদন আগামী ১৫ ডিসেম্বর, ২০১৫ তারিখের মধ্যে প্রকল্প পরিচালক, প্রোগ্রাম্যাটিক সিডিএম প্রকল্প, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, ই-১৬, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর প্রেরণ করতে হবে।
- ২। খামের উপরের বামপার্শ্বে আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে।
- ৩। ১৫ ডিসেম্বর, ২০১৫ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ও উপজাতিদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর।
- ৪। আবেদনপত্রের সঙ্গে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের কপি, ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি, জাতীয় পরিচয়পত্রের কপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত) সংযুক্ত করতে হবে।
- ৫। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূল/ সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
- ৬। ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদানকৃত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।
- ৭। আবেদনপত্রের সাথে প্রার্থীর বর্তমান ঠিকানা/পত্র যোগাযোগের ঠিকানা সন্নিবেশিত ১২ টাকার অব্যবহৃত ডাকটিকিট যুক্ত ১০×৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- ৮। চাকুরীর মেয়াদ সম্পূর্ণ অস্থায়ী। শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময় পর্যন্ত।
- ৯। শুধুমাত্র শর্টলিস্টেড প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য আমন্ত্রণ জানানো হবে।
- ১০। অসম্পূর্ণ, ভ্রুটিপূর্ণ, যোগ্যতাসম্পন্ন না হলে এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১১। প্রকল্প কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ আবুল কালাম আজাদ)
উপ-প্রকল্প পরিচালক
প্রোগ্রাম্যাটিক সিডিএম প্রকল্প